গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
হাসপাতাল-২, শাখা
WWW.mohfw.gov.bd.

নং-৪৫. ১৩৮. ০৩০. ০০. ০০. ০১৭. ২০১৫.৯৩ তারিখঃ-৩১.০১.২০১৬খ্রিঃ।

বিষয়ঃ- **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকুলে সরবরাহের জন্য গাড়ি ক্রয় সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকুলে বরাদ্দের জন্য গাড়ি ক্রয়ের বিষয়ে গত ২৫-০১-২০১৬ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গাড়ি প্রতিস্থাপনের ক্ষেত্রে পুরাতন গাড়ি অকেজো ঘোষনা করে নিলামে বিক্রি করে বিক্রয়লব্দ টাকা সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক নতুন গাড়ি ক্রয়ের প্রস্তাবে প্রেরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বর্ণিত অবস্থায়, তাদের চাহিদার আলোকে নতুন গাড়ি ক্রয়ের প্রক্রিয়া শুরু করার নিমিত্ত জরুরি ভিত্তিতে পুরাতন গাড়ি কনডেম ঘোষনা করে কনডেম ঘোষনা সংক্রান্ত সকল কাগজপত্র (কনডেম ঘোষনার কার্যবিবরনী, নিলাম বিজ্ঞপ্তি এবং নিলামে বিক্রয়ের পর ব্যাংকে টাকা জমা দেয়ার চালানের কপি) প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত বর্ণনামতে ১ (এক) পাতা।

স্বাক্ষরিতঃ-
(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪০৭২১
Sasadmin 2@ mohfw.gov.bd.

স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-পরি/সঃসঃ ও মেরা-১/অংশ/১১/৮৩৭/৪(৭) তারিখঃ-১৭/০২/২০১৬

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের সূত্রাধীন স্মারকের প্রেক্ষিতে অতীব জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিয়া ০১ (এক) কপি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ে এবং ০১ (এক) কপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে প্রেরন করার জন্য অনুরোধ করা হইল।

"বিষয়টি অতীব জরুরী"।

(ডাঃ মোঃ ইহতেশামুল হক চৌধুরী)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।

বিতরনঃ-

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা (দৃঃ আঃ- সহকারী পরিচালক সমন্বয়)।
২। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
৩। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী।
৪। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম।
৫। পরিচালক, মানসিক হাসপাতাল, পাবনা।
৬। সহকারী পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, পত্রটি(কপি সংযুক্ত)সহ অধিদপ্তরের ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।
৭। সিভিল সার্জন,কুমিল্লা/বান্দরবান পার্বত্য জেলা, বান্দরবান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যানবাহন ক্রয় সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ বাসুদেব গাঙ্গুলী
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সভাপতি
তারিখঃ ২৫-০১-২০১৬ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ সভাকক্ষ (ভবন নং-৩,কক্ষ নং-৩২৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা: পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যানবাহন ক্রয় সংক্রান্ত কমিটির সদস্য সচিব জনাব মোঃ রেজাউল আলম সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচীসমূহ অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের সরবরাহের জন্য গাড়ি ক্রয় সংক্রান্তঃ

আলোচনাঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য যানবাহন ক্রয়ের বিষয়ে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রস্তুতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক এবং বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদনপত্রগুলো যাচাই-বাছাই করে নিম্নোক্তভাবে একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়ঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	পরিমান (গাড়ীর ধরন)
১	সিলেট এম, এ, জি, ওসমানী মেডিকেল কলেজ	১টি (জীপ গাড়ি)
২	মানসিক হাসপাতাল, পাবনা	১টি (জীপ গাড়ি)
৩	সিরাজগঞ্জ জেনারেল হাসপাতাল	১টি (মাইক্রোবাস)
৪	পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল	২টি (জীপ গাড়ি)
৫	রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী	১টি (জীপ গাড়ি) ১টি (মাইক্রোবাস)
৬	সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা	১টি (জীপ গাড়ি)
৭	সিভিল সার্জনের কার্যালয়, কুমিল্লা	১টি (জীপ গাড়ি)
৮	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম	১টি (জীপ গাড়ি)
৯	স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা	০৩টি (মাইক্রোবাস) ০১টি (জীপ গাড়ি)
১০	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	০৩টি (মাইক্রোবাস)

সভায় বর্ণিত অগ্রাধিকার তালিকার প্রতিষ্ঠানগুলো হতে প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষা করে দেখা যায় সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ জেনারেল হাসপাতালের কাগজপত্র সঠিক রয়েছে এবং অবশিষ্ট প্রতিষ্ঠানগুলোর পুরাতন গাড়ি অকেজো ঘোষণা করা হয়নি। সভাপতি সভাকে অবহিত করেন যে, গাড়ি প্রতিস্থাপনের ক্ষেত্রে পুরাতন গাড়ি অকেজো ঘোষণা করে নিলামে বিক্রি করে বিক্রয়লব্ধ টাকা সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নতুন গাড়ি ক্রয়ের প্রস্তাব করতে হবে। কমিটির সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী সভাকে জানিয়েছেন যে, যেহেতু এখনও অর্থ বছরের ০৬(ছয়) মাস সময় রয়েছে সেহেতু যে তিনটি প্রতিষ্ঠানের কাগজপত্র সঠিক রয়েছে সে তিনটি প্রতিষ্ঠানের গাড়ি ক্রয়ের প্রক্রিয়া শুরু করা যেতে পারে এবং অবশিষ্ট প্রতিষ্ঠানগুলোকে জরুরি ভিত্তিতে পুরাতন গাড়ি কনডেম ঘোষণা সংক্রান্ত সকল কাগজপত্র (কনডেম ঘোষণার কার্যবিবরণী, নিলাম বিজ্ঞপ্তি এবং নিলামে বিক্রয়ের পর ব্যাংকে টাকা জমা দেয়ার চালানের কপি) প্রেরণের জন্য বলা যেতে পারে।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনার পর যে সকল প্রতিষ্ঠানের কাগজপত্র সঠিক রয়েছে সে সকল প্রতিষ্ঠানের গাড়ি ক্রয়ের প্রক্রিয়া শুরু করার বিষয়ে এবং অবশিষ্ট প্রতিষ্ঠানগুলোকে পুরাতন গাড়ি অকেজো ঘোষণা করে নিলামে বিক্রয় করে বিক্রয়লব্ধ টাকা সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অঃ পৃঃ দ্রঃ